

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা জজ এর কার্যালয়, চাঁদপুর।

**E-mail: [judgescourtchandpurdistrict@gmail.com](mailto:judgescourtchandpurdistrict@gmail.com)**

(প্রশাসন শাখা)

দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৯

তারিখঃ ০৯/০৯/২০২৫ খ্রিঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলা জজ আদালত প্রাপ্তনে বিচারপ্রার্থীদের জন্য নির্মিত ন্যায়কুঞ্জ নামক বিশ্রামাগার প্রস্তুত হওয়ায় ন্যায়কুঞ্জে অবস্থিত দোকানটি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে ভাড়ার বিনিময়ে ইজারা বা বরাদ্দ প্রদান করার নিমিত্ত প্রকৃত ব্যবসায়ীর নিকট থেকে লিখিত দরপত্র আহবান করা যাচ্ছে।

### শর্ত সমূহ :

০১. দরপত্র কমিটির সভাপতি বরাবরে লিখিত দরপত্র আগামী ০৯/০৯/২০২৫খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত চাঁদপুর জেলা জজ আদালতের নেজারত বিভাগে জমা দেয়া যাবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে না। ঐ দিনই বিকাল ০৪.৩০ ঘটিকায় কমিটির সভায় সদস্যগণের উপস্থিতিতে এবং দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ভাড়ার বিনিময়ে ইজারা বা বরাদ্দ দেয়া হবে। যে কোন দরপত্র কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২. দোকানের ইজারা নির্ধারিত ভাড়া প্রদানের শর্তে ০১ (এক) বছরের জন্য প্রদান করা হবে। শর্ত ভংগের জন্য ০১(এক) মাসের নোটিশ প্রদান করে ইজারা বা বরাদ্দ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। জেলা জজ আদালত এবং ইজারাদার ভাড়াটিয়ার মধ্যে লিখিত চুক্তিপত্র মূলে দোকানটি ইজারা বা বরাদ্দ দেওয়া হবে। কর্তৃপক্ষের সনত্তি সাপেক্ষে দোকান ইজারা বা বরাদ্দ প্রতি বছর নবায়নযোগ্য।

০৩. ইজারাদার ন্যায়কুঞ্জে অবস্থিত ওয়াশরুম, মাতৃদুগ্ধদান কেন্দ্রসহ সম্পূর্ণ ন্যায়কুঞ্জ ও এর আশপাশ সার্বজনিক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। বিচারপ্রার্থীগণকে ওয়াশরুম ও মাতৃদুগ্ধদান কেন্দ্রসহ ন্যায়কুঞ্জ ব্যবহারে কোনরকম বাধা দেয়া যাবে না।

০৪. ন্যায়কুঞ্জের আসবাবপত্র ও বৈদ্যুতিক সরঞ্জামাদীসহ অন্যান্য জিনিসপত্র ইজারাদার নিজ দায়িত্বে যথাযথভাবে সংরক্ষণ করবেন।

  
০৯/০৯/২০২৫  
সভাপতি

দরপত্র আহবান কমিটি।  
জেলা জজ আদালত  
চাঁদপুর।

**অনুলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় জেলা জজ, চাঁদপুর।

০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁদপুর।

০৩। নোটিশ বোর্ড, জেলা জজ আদালত/জেলা ম্যাজিস্ট্রেট/জেলা আইনজীবী সমিতি, চাঁদপুর।

০৪। ওয়েব সাইট, জেলা জজ আদালত, চাঁদপুর।

০৫। অফিস কপি।

  
০৯/০৯/২০২৫  
সভাপতি

দরপত্র আহবান কমিটি।  
জেলা জজ আদালত  
চাঁদপুর।